

বিকেএমইতে বিনা মূল্যে প্রশিক্ষণ নিন

শক্তি সাহা

২৪ ডিসেম্বর ২০১৭, ১১:৫১



যাঁরা পোশাকশিল্প পেশায় নতুন আসতে চান, তাঁদের এ প্রশিক্ষণ নিয়ে দক্ষ ও অভিজ্ঞ হওয়ার সুযোগ আছে। ছবি : প্রথম আলো

প্রশিক্ষিত ও দক্ষ লোকের চাহিদা আছে প্রায় সব শিল্পেই। তবে শতভাগ রপ্তানিমুখী ও উৎপাদন নির্ভর পোশাকশিল্পে দক্ষ লোকের প্রয়োজনটা আরও বেশি। কিন্তু এসব শিল্পে কর্মরত অনেক শ্রমিক বা কর্মীর কাজের ক্ষেত্রে তেমন কোনো পূর্ব অভিজ্ঞতা বা প্রশিক্ষণ থাকে না। কাজ করতে এসে শিখে নিতে হয় অনেক বিষয়। এসব অনভিজ্ঞ ও প্রশিক্ষণবিহীন কর্মীরা অন্যদের তুলনায় বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা থেকে পিছিয়ে থাকেন। যাঁরা এ পেশায় নতুন আসতে চান, তাঁদেরও প্রশিক্ষণ নিয়ে দক্ষ ও

অভিজ্ঞ হওয়ার সুযোগ আছে। আর এ সুযোগটি করে দিয়েছে বাংলাদেশ নিটওয়ার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ)। বিকেএমইএ সূত্র জানায়, এসব প্রশিক্ষণগুলো দেওয়া হবে বিকেএমইএর অধীন প্রতিষ্ঠান ইনস্টিটিউট অব অ্যাপারেল রিসার্চ অ্যান্ড টেকনোলজির (আইএআরটি) মাধ্যমে।

বিকেএমইএ সূত্রে জানা গেছে, দেশের অদক্ষ জনশক্তিকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে পোশাকশিল্পে কাজ করার উপযোগী করে তুলতে গত ৫ এপ্রিল এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের (এডিবি) অর্থায়নে বিকেএমইএ ও অর্থ মন্ত্রণালয়ের মধ্যে 'স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি)' নামের একটি প্রকল্পের চুক্তি হয়। এরই ধারাবাহিকতায় বিকেএমইএ এই প্রকল্পে আগামী ৩ বছরে ঢাকা, নারায়ণগঞ্জ, কুমিল্লা ও চট্টগ্রামে মোট ছয়টি প্রশিক্ষণকেন্দ্রে ৪১ হাজার ৩১০ জনকে বিনা মূল্যে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেবে এবং তাঁদের কর্মসংস্থানের ব্যবস্থা করবে। ইতিমধ্যে প্রথম ব্যাচের প্রশিক্ষণ ক্লাস শুরু হয়ে গেছে। এখানে এক থেকে ছয় মাস মেয়াদি বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। এই সেশনে শুধু নতুনদের জন্য ব্যবস্থাপনা পর্যায়ে প্রশিক্ষণের ভর্তি প্রক্রিয়া চলছে। আবেদন করার শেষ সময় ১০ সেপ্টেম্বর।

বিকেএমইএর এসইআইপি প্রকল্পের প্রধান সমন্বয়ক ইঞ্জিনিয়ার রূপালি বিশ্বাস বলেন, যাঁরা বর্তমানে বিভিন্ন শিল্পপ্রতিষ্ঠানে কর্মরত আছেন এবং নতুনদের জন্যও এটি একটি গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ কোর্স। এখানে শুধু প্রশিক্ষণই দেওয়া হয় না, প্রশিক্ষণ শেষে পাশাপাশি বিভিন্ন পোশাকশিল্প প্রতিষ্ঠানে চাকরির ব্যাপারেও সহায়তা করা হয় বলে জানান রূপালি বিশ্বাস।

এ সেশনে ব্যবস্থাপনা পর্যায়ে যেসব বিষয়ে প্রশিক্ষণ হবে এর মধ্যে রয়েছে প্রোডাকশন প্ল্যানিং অ্যান্ড

অ্যাকটিভিটিস। এসব বিষয়ে আবেদন করতে হলে প্রার্থীকে অবশ্যই যেকোনো বিশ্ববিদ্যালয় বা কলেজ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং/স্নাতক/ডিগ্রি বা ডিপ্লোমা পাস হতে হবে। অন্যান্য বিষয়ের প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতায় ভিন্নতা রয়েছে। ব্যবস্থাপনা পর্যায়ে প্রথম বছরে ১ হাজার ৮৮০ জন এবং পরবর্তী দুই বছরে ১ হাজার ৯৭০ জন করে তিন বছরে মোট ৫ হাজার ৮২০ জন প্রার্থী এই প্রশিক্ষণের সুযোগ পাবেন।

ব্যবস্থাপনা পর্যায়ে প্রশিক্ষণের বিষয়গুলোতে আবেদন করতে হলে প্রার্থীকে সব সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, সদ্য তোলা চার কপি ছবি আবেদনপত্রের সঙ্গে বিকেএমইএর ঢাকা ও নারায়ণগঞ্জের অফিসে সকাল ১০টা থেকে ৩টার মধ্যে জমা দিতে হবে।

আবেদন ফরম পাওয়া যাবে বিকেএমইএর ঢাকা ও নারায়ণগঞ্জ অফিসে এবং প্রতিষ্ঠানটির ওয়েবসাইটে (www.bkmea.com)

রূপালি বিশ্বাস বলেন, আবেদনপত্র যাচাই-বাছাই করে লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে যোগ্য প্রার্থীদের নেওয়া হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার মোট নম্বর ৫০। গণিত, ইংরেজি ও পোশাকশিল্প সম্পৃক্ত বিষয়ে প্রশ্ন করা হবে। এসব প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রার্থীকে সনদ দেওয়া হবে। তবে কোনো প্রার্থী যদি ৮০ শতাংশের কম ক্লাসে উপস্থিত থাকেন, তাহলে তাঁকে সনদ দেওয়া হবে না।

যোগাযোগ : আইএআরটি-ঢাকা : বিকেএমইএ, প্ল্যানার্স টাওয়ার (৫ম তলা), ১৩/এ সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা-১০০০, মোবাইল- ০১৫১৫ ২০৩৪৭৭। ফোন : ৮৮ ০২ ৯৬৭০৪৯৮।

আইএআরটি-নারায়ণগঞ্জ : সিটি সেন্টার (৩য় তলা), লিংক রোড, দক্ষিণ সস্তাপুর, নারায়ণগঞ্জ-১৪২০। ফোন : ৮৮ ০২ ৭৬৪৪৮৫৫। মোবাইল : ০১৭১২-১৯০৫৪৩।

© স্বত্ব প্রথম আলো ১৯৯৮ - ২০১৮

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা ১২১৫
ফোন : ৮১৮০০৭৮-৮১, ফ্যাক্স : ৯১৩০৪৯৬, ইমেইল : info@prothom-alo.info